

(প্রেস বিজ্ঞপ্তি)

২৪ মার্চ ২০২৩খ্রি.

তাহের নাহার ফাউন্ডেশনের সহায়তায় দু'হাজার পরিবারকে ইফতার সামগ্রী দিলেন মেয়র

চট্টগ্রামের পাঁচলাইশে স্বেচ্ছাসেবী সংস্থা তাহের নাহার ফাউন্ডেশনের উদ্যোগে দুই হাজার অসহায় দুঃস্থ পরিবারের মাঝে ইফতার সামগ্রী বিতরণ করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। গতকাল বৃহস্পতিবার বিকেলে হাজী পাড়া এলাকায় তাহের নাহার ফাউন্ডেশনের কার্যালয়ে পবিত্র মাহে রমজান উপলক্ষে ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, যেকোনো উন্নয়নে সরকারি পদক্ষেপের প্রয়োজনীয়তা অনস্বীকার্য, সরকারী উদ্যোগের পরিপূরক হিসেবে বেসরকারি উন্নয়ন পদক্ষেপ সেই উন্নয়নকে ত্বরান্বিত করে। জনসংখ্যাবহুল এ দেশে আর্থসামাজিক উন্নয়ন ও শিক্ষার হার বৃদ্ধি করে স্থায়ী উন্নয়ন ত্বরান্বিতকরণের মাধ্যমে জনগণের সামাজিক নিরাপত্তা বৃদ্ধি এবং সামাজিক সম্মান নিশ্চিতকরণে বর্তমান সরকার যখন নিরলসভাবে শিক্ষা, স্বাস্থ্য, খাদ্য, কৃষি ও আনুষঙ্গিক অন্যান্য বিষয় নিয়ে কাজ করে যাচ্ছে, তখন আওয়ামী আদর্শের সূর্যসন্তানদের গড়া তাহের নাহার ফাউন্ডেশনের মতো বেসরকারি উন্নয়ন সংস্থাগুলোও বসে নেই।

"জননেত্রী শেখ হাসিনার আদর্শিক কর্মী হিসেবে তাহের নাহার ফাউন্ডেশনের চেয়ারম্যান মোহাম্মদ এমরান দুইয়ুগের বেশি সময় ধরে সামাজিক উন্নয়নে এমন মানবিক কাজ করে যাচ্ছেন। বঙ্গবন্ধুর আদর্শিক কর্মী হিসেবে আত্মমানবতার সেবায় দৃষ্টান্ত হয়ে থাকবে মোহাম্মদ এমরান।"

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ও চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের বোর্ড সদস্য এডভোকেট জিনাত সোহানা চৌধুরী, মহানগর ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক নুরুল আজিম রনি, সি- ইউনিট আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব রফিক উদ্দিন কালু।

তাহের নাহার ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক এডভোকেট জিনাত সোহানা চৌধুরী বলেন, তাহের নাহার ফাউন্ডেশনের এই জনহিতকর কাজ চলমান থাকবে। ইতিমধ্যে ৩০০০ অসহায় পরিবারের ডাটাবেজ তৈরী করা হয়েছে, যারা ফাউন্ডেশন থেকে স্থায়ীভাবে বিভিন্ন ধরনের সাহায্য সহযোগিতা পাবে। ফাউন্ডেশন থেকে বাড়ি নির্মাণ, খাদ্য সহায়তা, চিকিৎসা, পড়াশোনা, বিবাহ সহযোগিতা, মেডিসিন সহ বিভিন্ন প্রকারের আর্থিক সহযোগিতা পাবেন তালিকাভুক্ত পরিবার।

বিশেষ অতিথির বক্তব্যে নুরুল আজিম রনি বলেন, জননেত্রী শেখ হাসিনার আহবানে এই ফাউন্ডেশনের চেয়ারম্যান এমরান তিনশ অসহায় পরিবারকে গৃহনির্মাণ করে অনুকরণীয় মানবিকতার নজির স্থাপন করেছেন। তার এই কাজ চলমান তরুণদের জন্য অনুপ্রেরণা হয়ে থাকবে।

ইফতার বিতরণ অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে তাহের নাহার ফাউন্ডেশনের চেয়ারম্যান মো এমরান বলেন, 'আমি ইতিমধ্যে তিনশত পাকা সেমি পাকা গৃহ নির্মাণ করেছি। এই নির্মাণ কাজ চলমান থাকবে। আল্লাহ আমাকে যদি সুযোগ দেয় এই জনহিতকর কাজের মধ্যে আমি বেঁচে থাকতে চাই।'

অনুষ্ঠানে মঈন উদ্দিন মহিন, মোহাম্মদ জাহাঙ্গীর আলম, নগর স্বেচ্ছাসেবক লীগের সংগঠক সাইফুদ্দিন বাবুল, আবুল কালাম আজাদ, আশেকানে আউলিয়া ডিগ্রি কলেজ ছাত্র সংসদ জিএস আমিনুল করিম, ওয়ার্ড যুবলীগ নেতা মোঃ এনাম, ওয়ার্ড আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ নেতা এমরান মাহমুদ রনি' সহ আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, ছাত্রলীগের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। অনুষ্ঠানের সার্বিক সহযোগিতায় ছিলেন হাজীপাড়া যুব কিশোর পরিষদ।

প্রসঙ্গত, যুক্তরাষ্ট্র প্রবাসী আওয়ামী লীগের নেতা মোহাম্মদ এমরান আশির দশক থেকে এই বেসরকারি সংস্থার গড়ে তুলে চাঁদগাও, পাঁচলাইশ, বোয়ালখালীসহ নগরের বিভিন্ন এলাকায় গরীব অসহায় মানুষের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে কাজ করে যাচ্ছেন। আগামী ২৫ তারিখ সিএমপি কমিশনারের উপস্থিতিতে আরও ১০০০ পরিবারকে ইফতার সামগ্রী বিতরণ করা হবে বলে জানিয়েছেন সংস্থার কর্মকর্তারা।

সেহরি নিয়ে পথচারীদের পাশে চসিক মেয়র

মধ্যরাতে পথচারীদের মাঝে সেহরি বিতরণ করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শুক্রবার মধ্যরাতে প্রথম রোজার সেহরিতে বহুদূরহাট মোড়ে সেহরি বিতরণ করেন মেয়র। এসময় মেয়রের সাথে সেহরি বিতরণ কার্যক্রমে সহায়তা করেন ওয়ার্ড কাউন্সিলর জহরলাল হাজারি, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা আলহাজ্ব জাহাঙ্গীর আলম, মুরাদ আহমেদ শাওন, ইয়াছিন আরাফাত, শফিউল আজম, আজাদ হোসেন, মো. ইমতিয়াজ, রহিম বাদশা প্রমুখ।

এর আগে বিকালে মেয়র ইফতার সামগ্রী বিতরণ করেন। সিয়াম সাধনার মাসে গরীব অসহায় দুস্থদের মাঝে বিত্তবানদের ইফতার ও সেহরি সামগ্রী নিয়ে অসহায়দের পাশে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন মেয়র।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮